242

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 MAR 1998
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ঢাকা ভার্সিটির হল বহিরাগতমুক্ত করার সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী দুইদিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি হইতে বহিরাগত অছাত্রদের বিতাড়িত করা হইবে। এই লক্ষ্যে হলগুলিতে সার্বক্ষণিক পোশাকধারী পুলিশের পাশাপাশি সাদা পোশাকধারী পুলিশ মোতায়েন রাখা হইবে। বহিরাগত অছাত্রদের তাহারা গ্রেফতার করিবে। পুলিশকে সহযোগিতা করিবে সংশ্লিষ্ট হলের প্রভোষ্ট, আবাসিক শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর।

গতকাল রাতে ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানান, মুহসীন হল, জহুরুল হক হল, এফ রহমান হলসহ যে হলগুলিতে বহিরাগতদের অবস্থান বেশী সেখানে পুলিশের কর্মকান্ডও জোরদার করার ব্যবস্থা হইতেছে।

গতকাল রাতে ছাত্রলীগের বিভিন্ন হল শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকরা ভিসির সহিত সাক্ষাৎ করিয়া বহিরাগত বিতাড়নের দাবী জানাইলে তিনি এই সিদ্ধান্ত গ্রহণ করেন।